

## শিক্ষানীতি সময়োপযোগী করতে ১৬ সদস্যের কমিটি গঠন

শিক্ষানীতি ২০০০-কে আরও সময়োপযোগী করার লক্ষ্যে সুপারিশ দেওয়ার জন্য সরকার গতকাল বুধবার জাতীয় অধ্যাপক কবীর চৌধুরীর নেতৃত্বে ১৬ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে।

কমিটির অন্য সদস্যরা হলেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী শহীদুল্লাহ, বাংলাদেশ অর্থনীতি সমিতির সভাপতি কাজী খলীকুজ্জমান আহমদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক সাদিকা হালিম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ফকরুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক সিদ্দিকুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোকপ্রশাসন বিভাগের অধ্যাপক জারিনা রহমান খান, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নিতাইচন্দ্র সূত্রধর, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি কাজী ফারুক আহমদ, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) মো. সিরাজ উদ্দিন আহমদ, অতিরিক্ত সচিব (অবসরপ্রাপ্ত) মো. আবু হাফিজ, সিলেট সরকারি আলিয়া মাদ্রাসার সাবেক অধ্যক্ষ এ বি এম সিদ্দিকুর রহমান, নিহাদ কবির, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি এম এ আউয়াল সিদ্দিকী এবং নায়েমের পরিচালক (প্রশাসন) শেখ একরামুল কবির।

কমিটি আগামী তিন মাসের মধ্যে তাদের সুপারিশ শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করবে। কমিটি শিক্ষানীতি-২০০০-এর অধিকতর সংশোধনপূর্বক একটি সময়োপযোগী শিক্ষানীতি প্রণয়ন করবে। কমিটি প্রয়োজনে যেকোনো সদস্যকে কো-অপ্ট করতে পারবে। ডথা বিবরণী।